দৈনিক খবর

তারিখ... 31 DEC. 1990. ...
পৃষ্ঠা... ৬ ...কলাম... ৪ ...

৫৯

# রাজশাহী বোর্ডে ৮টি কলেজ থেকে কোন ছাত্র–ছাত্রী পাস করেনি

রাজশাহী, ৩০শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– রাজশাহী বোর্ডের অধীনে সদ্য প্রকাশিত এইচএসসি পরীক্ষায় এবারে ৮টি কলেজ থেকে কোন ছাত্র–ছাত্রী পাস করতে পারেনি এবং ৮টি কলেজ থেকে মাত্র ১৮ জন পাস করেছে।

প্রকাশ, এবারের এইচএসসি পরীক্ষায় রাজশাহী বোর্ডের অধীনে এই ১৬টি কলেজ থেকে মোট ৫৩৪ জন ছাত্র–ছাত্রী পরীক্ষা দিয়েছিল এবং এর মধ্যে ৮টি কলেজ থেকে কেউই পাস করেনি। তবে ২য় ও ৩য় বিভাগে মাত্র ১৮ জন পাস করেছে। যে ৮টি কলেজ থেকে কেউ পাস করেনি সেগুলো হচ্ছে নীলফামারী সরকারী কলেজ, কুড়িগ্রাম মজিদা আদর্শ কলেজ, লালমনিরহাট মজিদা খাতুন মহিলা কলেজ, বগুড়া বালুয়াহাট কলেজ, নওগাঁ গাংগুরিয়া কলেজ, পাবনা বাঁশের বাদা কলেজ, পঞ্চগড় ভজনপুর কলেজ ও তেঁতুলিয়া কলেজ।

এই ৮টি কলেজ থেকে মোট দু'শ' ছাত্র–ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। এরা কেউই পাস করেনি। এ ছাড়া অপর ৮টি কলেজ থেকে অবশিষ্ট ২৩৪ জন পরীক্ষায় অংশ নেয়। এখান থেকে মাত্র ১৮ জন পাস করেছে এবং এই কলেজগুলো থেকে ৮ জনের রেজাল্ট স্থগিত ও ৫২ জন কম্পার্টমেন্টাল পেয়েছে।

একটি সূত্র থেকে জানা গেছে, রাজশাহী বোর্ডের অধীনে ১৯৭২ সালের পর এবারই এত বেশীসংখ্যক কলেজ খারাপ ফলাফল করেছে।